

নং- ২০.০০.০০০০.৩০৪.২১.০১০.১২.২৭৫

তারিখ: ১৬ বৈশাখ, ১৪৩১
২৯ এপ্রিল, ২০২৪

প্রজ্ঞাপন

বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা ২০১৪ (সংশোধিত-২০২০) এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৮/১১/২০২৩ খ্রি: তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৬১৫.২০২৩-৯২ সংখ্যক স্মারকের সুপারিশ মোতাবেক নিম্নবর্ণিত ০৩ (তিন) জন প্রার্থীকে পরিকল্পনা বিভাগের “প্রশাসনিক কর্মকর্তা” পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৬০০০-৩৮৬৪০/- টাকা বেতনক্রমে (১০ম গ্রেড) নিম্নলিখিত অনুচ্ছেদ-০২ এ বর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্র: নং	প্রার্থীর নাম ও রেজি: নং	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
০১.	মোঃ নুর উদ্দিন ০০২৩৬	প্রযত্নে: মোঃ সরোয়ার হোসেন গ্রাম: দক্ষিণ শ্রীপুর (ঘোষপাড়া) ডাকঘর: খিদির উপজেলা/থানা: সুন্দরগঞ্জ জেলা: গাইবান্ধা	প্রযত্নে: মোঃ সরোয়ার হোসেন গ্রাম: দক্ষিণ শ্রীপুর (ঘোষপাড়া) ডাকঘর: খিদির উপজেলা/থানা: সুন্দরগঞ্জ জেলা: গাইবান্ধা
০২.	আহসান কবির ০০০২৮১	প্রযত্নে: মোঃ হুমায়ুন কবির গ্রাম: ধনপর্দা ডাকঘর: মুন্সিরহাট উপজেলা/থানা: চাঁদপুর সদর জেলা: চাঁদপুর	প্রযত্নে: মোঃ হুমায়ুন কবির গ্রাম: ধনপর্দা ডাকঘর: মুন্সিরহাট উপজেলা/থানা: চাঁদপুর সদর জেলা: চাঁদপুর
০৩.	মোঃ কামরুল হাসান ০০০৫৪৮	প্রযত্নে: মোঃ আব্দুর রাজ্জাক গ্রাম: খাসকররা, উত্তর পাড়া ডাকঘর: খাসকররা উপজেলা/থানা: আলমডাঙ্গা জেলা: চুয়াডাঙ্গা	প্রযত্নে: মোঃ আব্দুর রাজ্জাক গ্রাম: খাসকররা, উত্তর পাড়া ডাকঘর: খাসকররা উপজেলা/থানা: আলমডাঙ্গা জেলা: চুয়াডাঙ্গা

০২। নিয়োগের শর্তাবলি:

- এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। এ নিয়োগ তাদের যোগদানের তারিখ থেকে কার্যকর হবে এবং ০২ (দুই) বৎসর শিক্ষানবিসকাল হিসেবে গণ্য করা হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনবোধে উক্ত শিক্ষানবিসকালের মেয়াদ বৃদ্ধি করতে পারবে। শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে সমাপন এবং উক্ত সময়ে আচরণ ও কর্ম সন্তোষজনক প্রতীয়মান হলে তাদেরকে চাকরিতে স্থায়ীকরণের বিষয়টি বিবেচনা করা হবে। শিক্ষানবিসকালে তাঁদের আচরণ ও কাজের মান সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাদেরকে চাকরি হতে অপসারণ করা যাবে;
- চাকরিতে যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র ও জাতীয় পরিচয় পত্র সঙ্গে আনতে হবে। মূল সনদপত্র প্রদর্শনে ব্যর্থ হলে নিয়োগাদেশ বাতিল করা হবে;
- সকল শিক্ষাগত যোগ্যতার সনদ যাচাইপূর্বক সঠিক না পাওয়া গেলে নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

- (ঘ) বিদেশী নাগরিকের সাথে বিবাহসূত্রে কোন সম্পর্ক বা দায়বদ্ধতা থাকলে এ নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে;
- (ঙ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তাদের চাকরি নিয়ন্ত্রিত হবে;
- (চ) এ চাকরিতে যোগদানের জন্য কোনরূপ ভ্রমণ/দৈনিক ভাতা পাবেন না।


০৩। যদি অনুচ্ছেদ-০২ এ বর্ণিত শর্তাবলী গ্রহণযোগ্য হয়, তাহলে আগামী ১৫ মে, ২০২৪ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা বরাবরে যোগদান করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে বিবেচনা করা হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। এ নিয়োগ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


২৯/০৪/২০২৪
(সামিহা ফেরদৌসী)

উপসচিব

 ফোনঃ ৯১৮০৭৫০


e-mail: sas.admin3@plandiv.gov.bd

নং- ২০.০০.০০০০.৩০৪.২১.০১০.১২.২৭৫


তারিখ: ১৬ বৈশাখ, ১৪৩১
২৯ এপ্রিল, ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৩) যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪) উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) জেলা প্রশাসক, জেলা (নিয়োগ আদেশটি প্রাপকের অনুকূলে প্রেরণের অনুরোধসহ)।
- ৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিকল্পনা বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯) বাজেট অফিসার, বাজেট শাখা, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ১০) হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১১) জনাব
- ১২) সংশ্লিষ্ট নথি।


২৯/০৪/২০২৪

(সামিহা ফেরদৌসী)

 উপসচিব